[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুর পৌরসভার উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিদর্শনে জেলা প্রশাসক

মেহেরপুর পৌরসভার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিদর্শন করলেন মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে তিনি মেহেরপুর পৌরসভায় পৌছান। এসময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন তাকে ফুলেল শুভেচছা জানান।

পরে পৌরসভার বর্জ্য নিষ্কাশন কেন্দ্র, সুপেয় পানি উৎপাদন কেন্দ্রসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন। পরে পৌর সম্মেলন কক্ষে ওয়ার্ড কাউন্সিলরদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তুষার কান্তি পাল,অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট হাফিজ-আল-আসাদ, আর ডি সি কাজী অনিক ইসলাম, সহকারী কমিশনার নাহিদ হোসেনসহ পৌরসভার কর্মকর্তা-কর্মচারিগন এসময় উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ইটভাটা মালিক ও শ্রমিকদের মানববন্ধন

ঝিনাইদহে ৩ দফা দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন করেছে ইটভাটা মালিক ও শ্রমিকরা। বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের জেলা প্রশাসকের কার্যালয়ে সামনে তারা এই কর্মসূচী পালন করে। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলার ৬ উপজেলা থেকে আসা ইটভাটা মালিক ও শ্রমিকরা অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, জেলা ইট প্রস্তুতকারক মালিক সমিতির সভাপতি

মাহমুদুল ইসলাম ফোটন, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান খান, সহ-সভাপতি কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, নির্বাহী সদস্য মিজানুর রহমান মাসুমসহ অন্যান্যরা।

বক্তারা, ২০১৯ সালের ইটভাটা আইন সংশোধন, প্রত্যেক ইটভাটার পরিবেশ ছাড়পত্র প্রদাণ ও অভিযানের নামে ইটভাটা ভাংচুর বন্ধের দাবী জানান। মানববন্ধন শেষে তারা জেলা প্রশাসকের নিকট স্মারক লিপি পেশ করেন।

ঝিনাইদহে নারী ও শিশু নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহে নারী ও শিশু নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। বৃহস্পতিবার সকালে শহরের মডার্ন মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে বেসরকারি উন্নয়ন সংস্থা এইড’র জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্প। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংস্থাটির নেতৃবৃন্দসহ জনপ্রতিনিধি ও মানবাধিকার কর্মীরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, উপজেলা সামাজিক সহায়তা কমিটির সভাপতি আমিনুর রহমান টুকু, এইড এর প্রধান নির্বাহী তারিকুল ইসলাম পলাশ, উপজেলা সামাজিক সহায়তা কমিটির সদস্য শরীফা আক্তার, এইড’র জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্প’র প্রকল্প সমন্বয়কারী খন্দকার আশরাফুন্নাহার আশাসহ অন্যান্যরা। এসময় বক্তারা, নারী ও শিশু নির্যাতন বন্ধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

ঝিনাইদহে সাংবাদিককে অপহরণ করে হত্যা চেষ্টার প্রতিবাদে মানববন্ধন

সাংবাদিক মনিরুজ্জামান মনির কে অপহরণ করে হত্যা চেষ্টার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ ব্যাপারীপাড়া সড়কে এ মানববন্ধনের আয়োজন করে জেলা রিপোর্টাস ইউনিটি। মানববন্ধন শেষে সাংবাদিকরা একটি প্রতিবাদ র্যালী নিয়ে শহরের পায়রা চত্বর প্রদক্ষিন করে নিজস্ব কার্যালয়ের সামনে ফিরে আসে। মানববন্ধনে বক্তব্য রাখেন জেলা রিপোর্টাস ইউনিটির নেতৃবৃন্দ ও উপস্থিত সাংবাদিকরা।

বক্তারা বলেন, গত মঙ্গলবার রাতে সাংবাদিক মনিরুজ্জামান মনিরকে শৈলকুপার কাঁচেরকোল থেকে মাইক্রোবাসে তুলে নিয়ে যায় মাদক ব্যবসায়ী ও সন্ত্রাসীরা। নির্যাতন শেষে মারা গেছে ভেবে বুধবার ভোরে তাকে ধাওড়া গ্রামে রাস্তার ধারে হাত-পা ও চোঁখ-মুখ বেধে ফেলে রেখে যায় তারা। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে শৈলকুপা হাসপাতালে ভর্তি করে।
মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে সংবাদ প্রকাশের জেরে যদি একজন সাংবাদিকের সাথে এমন বর্বরোচিত ঘটনা ঘটে তাহলে সাংবাদিকদের নিরাপত্তা কোথায়?

বক্তারা আরো বলেন, কাঁচেরকোল ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য ইমরান হোসেন ওরফে ডিশ বাবু হিসেবে এলাকায় গড়ে তুলেছে মাদক সিন্ডিকেট। বর্তমানে তার ছত্রছায়ায় উঠতি বয়সী একদল যুবক মাদকাসক্ত হয়ে এলাকায় চাঁদাবাজি সন্ত্রাসী কার্যকলাপে জড়িয়ে পড়েছে।

২০১৫ সালে শৈলকুপা থানা পুলিশের এএসআই মনির হাজরা ও একাধিক পুলিশ সদস্যকে এলোপাতাড়ি কুপিয়ে পিটিয়ে মারাত্মক আহত করে তার বাহিনী। এ ঘটনায় একটি মামলা দায়ের হয়। এছাড়াও ডিশ বাবুর বিরুদ্ধে একাধিক মাদক মামলাসহ সংখ্যালঘু সম্প্রদায়ের উপর নির্যাতন ও চাঁদাবাজির মামলা রয়েছে। সম্প্রতি সে জেল থেকে বের হয়ে এসে আবারো এলাকায় সকল প্রকার অপকর্মের নেতৃত্ব দিয়ে আসছে।

অবিলম্বে ডিশ বাবুসহ আসামীদের গ্রেফতার পূর্বক আইনানুগ ব্যবস্থা

গ্রহনের জোর দাবী জানিয়েছে সাংবাদিক নেতৃবৃন্দ।

মেহেরপুরে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এম. পি এর উপহার হিসেবে শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ করেন মেহেরপুর জেলা ছাত্রলীগ।

বৃহস্পতিবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের বাসভবনে ২য় পর্যায়ে এই শীতবস্ত্র বিতরণ করা হয় ।

এ সময় মেহেরপুর জেলা ছাত্র লীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের উপহার হিসেবে ২য় পর্যায়ে ৫শ পরিবারে মাঝে শীত বস্ত্র বিতরণ করেন।

মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, জেলা ছাত্র লীগের দপ্তর সম্পাদক ইব্রাহিম হোসেন, সহ সম্পাদক অপূর্ব কুমার রায়, ক্রীড়া বিষয়ক সম্পাদক ইজাজ আহমেদ, তানমুন ইসলাম, প্রতাব সাহা সহ বিভিন্ন নেতা কর্মী এ সময় উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুকুর থেকে তোলা হচ্ছে বালু, হুমকির মুখে ফসলি

জমি

মেহেরপুর সদর উপজেলার অন্তর্গত বারাদি ইউনিয়ন সিংহাটি গ্রামে অবাধে চলছে বালু উত্তোলন। সিংহাটি গ্রামের হারদা বিলের অপরপাশে মাঠে প্রায় বিশ দুটি পুকুর থেকে অবৈধ ড্রেজার মেশিন বসিয়ে গভীর গর্ত খুঁড়ে চলছে একটি অসাধু চক্রের বালু উত্তোলনের মহাযজ্ঞ।

এসব বালু উত্তোলনের ফলে এলাকার ফসলি জমি গুলো হুমকির মুখে পড়েছে। বদলে যাচ্ছে জমির শ্রেণি। এতে ব্যাপক ক্ষয়-ক্ষতি হচ্ছে এলাকার লোকজনের।

এছাড়াও উক্ত বালু বহনে ব্যবহার করা হচ্ছে যন্ত্রদানব খ্যাত ট্রাক্টর। এসব ট্রাক্টর পরিবেশ বিপন্ন করে চলছে দিবানিশি। ট্রাক্টরের বিশাল আকৃতির চাকায় পিষ্ট হচ্ছে গ্রামীণ কাঁচা-পাকা রাস্তাঘাট। প্রায় সকল রাস্তাঘাট নষ্ট হয়ে যাচ্ছে। এতে বাসিন্দাদের চলাচলে নেমে এসেছে চরম দুর্ভোগ।

এছাড়াও রাস্তা দিয়ে বেপরোয়া গতিতে ট্রাক্টর চালানোর ফলে ধুলোবালি উড়ে এলাকার পরিবেশ বিনষ্ট হচ্ছে। এতে গ্রামবাসীর মাঝে বাড়ছে রোগ-বালাই। কিন্তু বালু উত্তোলকারী চক্রটিকে কোন ভাবেই দমানো যাচ্ছে না।

সরেজমিনে গিয়ে দেখা গেছে ফসলি জমির মাঝখানে যেন বালুর চর জেগে উঠেছে। প্রতিদিন এই জায়গা থেকে অন্তত ৫০-১০০ গাড়ি বালি উত্তোলন করে বিভিন্ন স্থানে বিক্রয় করা হচ্ছে। নিন্মমানের এই বালু ব্যবহার করা হচ্ছে বিভিন্ন সড়ক নির্মাণের কাজে। প্রতিদিন শত ট্রাক বালু উত্তোলন ও বিক্রি করে বালু ব্যবসায়ীরা লাভবান হলেও এলাকার ফসলি জমি হুমকির মুখে পড়ছে। মেহেরপুর প্রতিদিন

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন-২০১০ এর ধারা ৫ এর ১ উপধারা অনুযায়ী পাম্প ড্রেজিং বা অন্য কোনো মাধ্যমে ভূগর্ভস্থ বালু বা মাটি উত্তোলন করা যাবে না। সরকারি অনুমোদন ছাড়া বালু বা মাটি কাটা দণ্ডনীয় অপরাধ। এ অপরাধে জেল জরিমানা অথবা উভয় দণ্ডের বিধান রয়েছে।

এলাকাবাসী অভিযোগ করে বলেন, বালু উত্তোলনকারীরা প্রভাবশালী ও ক্ষমতাবান। ভয়ে কিছু বলতে পারিনা আবার কিছু বললেও তারা আমাদের কথায় কর্ণপাত করে না।

[redacted]

[redacted]

এ ঘটনায় একটি মামলা দায়ের হয়। এছাড়াও ডিশ বাবুর বিরুদ্ধে একাধিক মাদক মামলাসহ সংখ্যালঘু সম্প্রদায়ের উপর নির্যাতন ও চাঁদাবাজির মামলা রয়েছে।

সম্প্রতি সে জেল থেকে বের হয়ে এসে আবারো এলাকায় সকল প্রকার অপকর্মের নেতৃত্ব দিয়ে আসছে। অবিলম্বে ডিশ বাবুসহ আসামীদের গ্রেফতার পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহনের জোর দাবী জানিয়েছে সাংবাদিক নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গায় পরকীয়া জুটির একত্রে বিষপানে আত্মহত্যার চেষ্টা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার জয়রামটুর গ্রামের এক পরকীয়া জুটি বিষপানে আত্মহত্যার চেষ্টা করে হাসপাতালে ভর্তি হয়েছে। ননদাইয়ের সাথে শ্যালকের স্ত্রীর পরকীয়ার বিষয়টি জানাজানি হলে বুধবার সন্ধ্যায় গ্রামের মাঠে ভুট্টাক্ষতে গিয়ে তারা বিষপান করেন। দুজনকে উদ্ধার করে নেয়া হয়েছে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে। পরকীয়া প্রেমিক মো. সাগর (২৭) ও পেমিকা রাশিদা খাতুন (২২) হাসপাতালের দু’ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছেন।

স্থানীয়রা জানায়, দামুড়হুদার জয়রামপুর চৌধুরীপাড়ার আবদুল খালেকের ছেলে ট্রাক হেলপার মো. সাগর বছর দশেক আগে একই গ্রামে বিয়ে করেন। তাদের সংসারে রয়েছে ৭ বছরের এক ছেলে। অপরদিকে, সাগরের মামাতো শ্যালক মামুন বছর ছয়েক আগে বিয়ে করেন একই উপজেলার উজিরপুর গ্রামের আছের আলীর মেয়ে রাশিদাকে। তাদেরও রয়েছে ৫ বছরের এক ছেলে ও তিন বছরের এক মেয়ে। বিয়ের কিছুদিন পর থেকেই রাশিদার সখ্য গড়ে ওঠে ননদাই সাগরের সাথে।

একপর্যায়ে তা পরকীয়া সম্পর্কে গড়ায়। বিষয়টি জানাজানি হলে দুই পরিবারের পক্ষ থেকেই তাদের সোধরানোর জন্য বলা হয়। কিন্তু অনড় অবস্থানে থাকা সাগর-রাশিদা জুটি তাদের সম্পর্ক ভেঙে যাওয়া

কিছুতেই মেনে নিতে পারেনি। সম্প্রতি শ্বশুরবাড়ি থেকে বাপেরবাড়িও চলে যায় রাশিদা।

বুধবার মোবাইলফোনে যোগাযোগের পর সন্ধ্যায় জয়রামপুর গ্রামের মাঠে যান পরকীয়া জুটি সাগর ও রাশিদা। সেখানেই তারা আত্মহত্যার সিদ্ধান্ত নিয়ে দুজনে একসাথে বিষপান করেন।

এসময় তারা কাফন কেনার জন্য মোবাইলফোনে স্বজনদেরকে জানান। খবর পেয়ে নিকটাত্মীয়রা তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

হাসপাতালে চিকিৎসাধীন সাগর বলেছেন, মামাতো শ্যালক মামুনের স্ত্রী রাশিদার সাথে আমার অবৈধ সম্পর্ক রয়েছে বলে পরিবারের লোকজন খুব অশান্তি করে। ফলে আমরা দুজনে সিদ্ধান্ত নিই একসাথে আত্মহত্যা করব।

রাশিদা খাতুন বলেছেন, বছর চারেক ধরে সাগরকে নিয়ে আমার পরিবারে অশান্তি চলছে। সাগরের সাথে আমার শুধু ননদাইয়ের মতোই সম্পর্ক। কিন্তু সাগরের সাথে আমার পরকীয়া সম্পর্ক রয়েছে বলে শ্বশুরবাড়ির লোকজন প্রায়ই নির্যাতন করে। দু’মাস আগে আমি বাপের বাড়ি চলে যাই।

সপ্তাহখানেক শ্বশুরবাড়ি গিয়ে ৩-৪ দিনও থাকতে পারিনি। অবশেষে সাগরের সাথে মোবাইলে কথা বলে বুধবার সন্ধ্যার পর আবারও জয়রামপুরে যাই। রাতে গ্রামের মাঠে গিয়ে দুজনে একসাথে বিষপান করি।

চুয়াডাঙ্গায় রাস্তা অবরোধ করে ইটভাটা মালিক-শ্রমিকদের বিক্ষোভ ও মানববন্ধন

ইট প্রস্তুত ও ভাটা নিয়ন্ত্রণ আইন ২০১৩ ও ২০১৯ এর কালো আইন বাতিল এবং জিগজ্যাগ ইটভাটার ছাড়পত্র ও লাইসেন্স পাওয়ার দাবীতে মানববন্ধন এবং রাস্তা অবরোধ করেছে চুয়াডাঙ্গার ইটভাটা মালিক শ্রমিকরা।